

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
রামগঞ্জ, লক্ষ্মীপুর
bbs.ramganj.lakshmipur.gov.bd

নম্বর-৫২.০১.৫১৬৫.০০০.০৬.০০১.২০.০৭৬

তারিখ : ২৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১২ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

নৈতিকতা কমিটির চতুর্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী ২০২৩-২৪

সভাপতি	: জনাব মীর আন-নাজমুস সাকিব, পরিসংখ্যান কর্মকর্তা উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর
সভার তারিখ ও সময়	: ১২ মে ২০২৪ খ্রিষ্টাব্দ, সকাল ১০.৩০ ঘটিকা
সভার স্থান	: উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর
সভার উপস্থিতি	: পরিশিষ্ট-ক

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই তিনি শ্রদ্ধাভরে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব, পঁচাত্তরের ১৫ আগস্ট শাহাদতবরণকারী বঙ্গবন্ধু পরিবারের সদস্যবৃন্দ এবং মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী বীর শহিদ ও বীরাঙ্গনাদেরকে। এই দপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণে সভায় নিম্নরূপ আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয় :-

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	শুদ্ধাচার বিষয়ক	(ক) উন্নত কর্মপরিবেশ : কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয় (খ) তদারকি সম্পাদন : কাজে স্বচ্ছতা আনয়নে মাঠ পর্যায়ে বিভিন্ন তথ্য সংগ্রহ কার্যক্রমে নিয়মিত তদারকির বিষয়ে আলোচনা হয়	কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি কার্যক্রম অব্যাহত রাখতে হবে কাজে স্বচ্ছতা আনয়নে মাঠ পর্যায়ে বিভিন্ন তথ্য সংগ্রহ কার্যক্রমে নিয়মিত তদারকি অব্যাহত রাখতে হবে	পরিসংখ্যান কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০২.	বিদ্যুৎ ও সরকারি সম্পদ ব্যবহারে মিতব্যয়িতা	সভাপতি মহোদয় উপস্থিত সকলকে বিদ্যুৎ ও অন্যান্য সরকারি সম্পদ ব্যবহারে নৈতিকতার প্রয়োগ ও মিতব্যয়ী হওয়ার আহ্বান জানান	দপ্তরের সকলকে বিদ্যুৎ ও অন্যান্য সরকারি সম্পদ ব্যবহারে নৈতিকতার প্রয়োগ ও মিতব্যয়ী হওয়ার ব্যাপারে সিদ্ধান্ত হয়	সংশ্লিষ্ট সকল
০৩.	ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন	নৈতিকতা কমিটির সদস্য জনাব মো. জাকির হোসেন বলেন, ইতোমধ্যে প্রণীত ক্রয় পরিকল্পনা সদর দপ্তর হতে প্রাপ্ত বরাদ্দ অনুসারে বাস্তবায়নের ব্যাপারে সচেতন হতে হবে	সদর দপ্তর হতে প্রাপ্ত বরাদ্দ অনুসারে ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের ব্যাপারে সচেতন হতে হবে	পরিসংখ্যান কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

২। পরিশেষে আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১২.০৫.২০২৪ খ্রি.

মীর আন-নাজমুস সাকিব
আস্বায়ক, নৈতিকতা কমিটি

ও

পরিসংখ্যান কর্মকর্তা

✉ usoramganj@gmail.com

বিতরণ : কার্যার্থে

- ১) জনাব মো. জাকির হোসেন, পরিসংখ্যান তদন্তকারী, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রায়পুর, লক্ষ্মীপুর
- ২) জনাব মো. হান্নান মিয়া, পরিসংখ্যান তদন্তকারী, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
- ২) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রাম
- ৩) উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, লক্ষ্মীপুর
- ৪) ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার ও এপিএ ২০২৩-২৪, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
- ৫) অফিস কপি/নোটিশ বোর্ড/ওয়েবপোর্টাল